এদুয়ার্দো গালেয়ানো

আলিঙ্গনের বই

boobook

boobook

ছ বি ও লে খা

এদুয়ার্দো গালেয়ানো

ভাষান্তর • মধুশ্রী বসু

আলিঙ্গনের বই

দ্য বুক অব এমব্রেসেস / El libro de los abrazos

ইংরেজি থেকে অনূদিত

boobook

BOOBOOK.CO

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশেরই কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

কথামালাভিত্তিক গ্রন্থ বলে, অনুবাদকের নিজস্ব বানানরুচিকে অক্ষুণ্ন মানা হয়েছে। বিধায়, সব ক্ষেত্রে 'বাংলা একাডেমি' বানানবিধি অনুসরণ করা যায়নি। এ-নিয়ে পাঠকের যেকোনো অস্বস্তির প্রতি আমরা অনুভূতিশীল।

alingoner boi translation of eduardo galeano's the book of embraces by madhusree basu, published by boobook, june 2022, dhaka, bangladesh.

* ডব্লিউ. ডব্লিউ. নর্টন অ্যান্ড কোম্পানি প্রকাশিত দ্য বুক অব এমব্রেসেস বইয়ের প্রচ্ছদ হতে অনুসৃত।

গ্রন্থস্বত্ব

ভাষান্তর © মধুশ্রী বসু
বই কপিরাইট © বুবুক
ইমেজ © এদুয়ার্দো গালেয়ানো

প্রথম বুবুক প্রকাশ • জ্যৈষ্ঠ ১৪২৯, জুন ২০২২

পরিবেশক • বুবুক
পশ্চিমবঙ্গ পরিবেশক • বইপত্তর

অক্ষর বিন্যাস • noktaforge

মুদ্রণ পরিষেবায় • replikagrapiks.com

ISBN 978-984-95218-6-0

পাঠকের মূল্য: ৳ ৪৮৫ । ₹ ৪৮৫

বাড়ি ২৪৬/এ, সড়ক ১০এ, পশ্চিম ধানমণ্ডি,
ঢাকা ১২০৯, বাংলাদেশ

+৮৮০ ১৯১৯২৭৬৪৫৮
+৮৮০ ১৮৪৭ ২২৭৭৭৭

dak@boobook.co
www.boobook.co

প্রকাশনা ক্রম # ষষ্ঠ

কৃতজ্ঞতা স্বীকার

কয়েকজনের উৎসাহ ও সাহায্য ছাড়া এই বই অনুবাদ করা হতো না। অঙ্কুরদা, প্রমোদদা, বর্তিকা, শমীকদা, সৌম্যজিৎ, সৌরভ, সৌম্যদীপদা এবং বিশেষ করে আমার মায়ের সাথে বিভিন্ন সময় এই অনুবাদ নিয়ে কথা বলেছি, আধাখ্যাঁচড়া লেখা দেখিয়ে মতামত নিয়েছি। 'দুনিয়া বানাল কে' গল্পটি অঙ্কুরদার হাতে ধরে এডিট করা, গোটা বইটি অনুবাদ করার পরামর্শও যাঁর। উচ্চারণ ঠিক করে দেবার জন্য উরুগুয়াইবাসী বন্ধু মিগেল এবং স্পেনীয় ভাষার অধ্যাপক ও অনুবাদক অরুন্ধতীদির কাছে কৃতজ্ঞতা রয়ে গেল। সন্দীপনদা বইয়ের এক-দশমাংশ অনুবাদ হবার সময় থেকেই বইটি শেষ করতে উৎসাহ এবং অনুবাদ বিষয়ে মতামত দিয়ে গেছেন। তাঁর সহযোগিতা ছাড়া এটি ছাপা হয়ে উঠত না। এছাড়াও আরো অনেকে এর সাথে পরোক্ষে নানাভাবে জড়িয়ে আছেন।

boobook

অনুবাদকের ভূমিকা

boobook

বন্ধুর বাড়িতে মলাট দেখে তুলে আনা, তারপর বহুদিন অযত্নে ফেলে রাখা এদুয়ার্দো গালেয়ানো-র ইংরেজিতে অনূদিত বই 'দ্য বুক অব এমব্রেসেস' পড়তে শুরু করি এ বছর, অর্থাৎ ২০২০-র এপ্রিলে। ১৩ এপ্রিল ২০২০ ছিল উরুগুয়াইয়ের লেখক ও সাংবাদিক গালেয়ানোর পঞ্চম মৃত্যুদিবস। বাংলা অনুবাদ শেষ হল তাঁর আশিতম জন্মদিনের (৩ সেপ্টেম্বর, ২০২০) এক-দু'দিন পর। মৃত্যু থেকে জন্ম।

'ওপেন ভেইনস অব লাতিন আমেরিকা'-খ্যাত গালেয়ানোর জীবনের দীর্ঘ একটা সময় কেটেছে নির্বাসনে। জন্ম উরুগুয়াইয়ের মন্তেভিদো শহরে। লেখালেখির পাশাপাশি বামপন্থী আন্দোলনের সাথে যুক্ত হওয়া, ১৯৭৩-এ উরুগুয়াইতে মিলিটারি শাসন কায়েম হলে পর কারাবাস ও আর্হেন্তিনায় পালিয়ে গিয়ে 'ক্রিসিস' পত্রিকার পত্তন, সেখানে ভিদেলা একনায়করাজ জারি হলে তাঁর নামে মৃত্যুদণ্ড ঘোষণা এবং আবার পালানো—এবার স্পেন। তারপর, আর্হেন্তিনা ও উরুগুয়াইতে একনায়কতন্ত্রের পড়তির দিকে, ১৯৮৫-র শীতে, স্পেনের এক অপরূপ বরফজমা সমুদ্রতট ছেড়ে মন্তেভিদোয় ফেরা। সেখানেই তাঁর মৃত্যু হয় ফুসফুসের ক্যানসারে, ৭৪ বছর বয়সে। সারাজীবন লিখে গেছেন রাষ্ট্রীয় সন্ত্রাসের বিরুদ্ধে, পুঁজিতন্ত্রের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ঔপনিবেশিকতার বিরুদ্ধে।

১৩ এপ্রিল মানে ভারতে তখন তথাকথিত করোনাজনিত লকডাউনের আগুনে মাঝদুপুর। রাষ্ট্র আর পুঁজি তাদের জনকল্যাণকারী ছদ্মবেশের শেষ সুতোটুকু গা থেকে ফেলে দিচ্ছে। প্রকট হচ্ছে অর্থনৈতিক সংকট, রাজনৈতিক সংকট, সামাজিক সংকট, প্রাকৃতিক সংকট। আত্মীয়-বন্ধু-সাথীদের সঙ্গে কথা বলতে গেলে বারবার সে-সব কথাই উঠে আসে—এই কি শেষ? এত দুর্দিন বুঝি আগে কখনও আসেনি।

এই সময় 'আলিঙ্গনের বই' পড়তে গিয়ে দেখা গেল, এমন দুর্দিন তো আগেও এসেছে। আবার সাধারণ মানুষ যখন দল বেঁধে রুখে দাঁড়িয়েছেন, তখন তা সাময়িকভাবে কেটেও গেছে। অর্থাৎ, আমরা একা নই—এই সময়টা একা নয়। এই বইয়ের 'বিশ্বাসের পেশা' বা 'এ প্রফেশন অব ফেইথ' গল্পে গালেয়ানো লিখেছেন, আমাদের হৃদয় যতই খানখান হয়ে যাক, আমাদের সমসাময়িক মানুষকে আমরা ঠিক খুঁজে পাই। সমসাময়িক মানে শুধু আজ বা এই মুহূর্তটুকুই নয়। সমসাময়িক মানুষ থাকতে পারেন অতীতে, বা ভবিষ্যতে। আর প্রতিবার তেমন একজনকে খুঁজে পাওয়া মানেই এই প্রকাণ্ড পৃথিবী আমাদের উপর একাকিত্বের যে-বিপুল ভার চাপিয়ে দেয়, তার থেকে এক লহমার মুক্তি। 'বুক অব এমব্রেসেস'-এর গালেয়ানো যেন আমাদের সেই সমসাময়িক মানুষ।

boobook

এই সময় দাঁড়িয়ে গালেয়ানোর লেখা পড়তে পড়তে আরও মনে হয়, তিনি যেন এক মাদারির মতো ভবিষ্যৎ দেখতে পান। মাদারিপনার এক বিচিত্র উদাহরণের কথা বলি: যেহেতু বাংলা অনুবাদে নামের উচ্চারণ যথাসম্ভব স্প্যানিশ উচ্চারণের কাছাকাছি রাখারই চেষ্টা ছিল, তাই সঠিক উচ্চারণ জানতে চেয়ে এক উরুগুয়াইবাসী বন্ধুকে ইমেল করেছিলাম। একটি বিশেষ নামের উচ্চারণ (Noueched) বাদে সব ক'টিই সে আমাকে রেকর্ড করে পাঠায়। দু-তিনদিন বাদে তার কাছ থেকে আরেকটি ইমেল পাই। যে-নামটির উচ্চারণ সে বুঝতে পারেনি, তার বানানটা বইতে একটু ভুল ছাপা হয়েছে। সঠিক বানান—Noveched; উচ্চারণ—নোভচেদ। হুয়ান হোসে নোভচেদ—এক হাত কাটা, ১৯৭৩ সালে মিলিটারি সরকারের হাতে রাজনৈতিক বন্দি। হাতকাটা নোভচেদ উরুগুয়াইতে করোনা ভাইরাসের নবম শিকার। আমি তাঁর নামের উচ্চারণ জানতে চাইবার দু-দিন পর তিনি মারা যান। এদিকে বন্ধুর এই ইমেল পড়বার ঠিক আধ ঘণ্টা আগে, আমি তখন 'কল্ডওয়েলের শেষ বিয়ার' গল্পটি পড়ছি। গল্পটি বইয়ের শেষের দিকে রয়েছে। পড়লে বোঝা যাবে, কেন কথাটা এখানে বললাম।

এইখানে বলে রাখা ভালো, বেলফ্রাজ-শাফারের ইংরেজি অনুবাদ পড়লে অনুবাদ বলে মনে হয় না, এত অপূর্ব স্বচ্ছন্দ তাঁর ভাষা। প্রধান অনুবাদক সেড্রিক বেলফ্রাজ এই বই অনুবাদ হবার অল্পসময় পরেই মারা যান। গালেয়ানো তাঁর সম্পর্কে বলেছেন, "অংশত আমি তাঁর সঙ্গে মরে গিয়েছি/ অংশত, তিনি আমার সঙ্গে বেঁচে রয়েছেন।"

এবার গালেয়ানোতে ঢুকে পড়া যাক।

boobook
boobook

রেকর্ডার: হৃদয়ে রাখা; লাতিনে বলে রি-কর্ডিস, হৃদয় ছুঁয়ে ফিরে আসা।

boobook

দুনিয়া

কলাম্বিয়ার উপকূলে নেগুয়া শহরে একজন লোক আকাশে চড়তে জানত। নিচে নেমে সে তার বেড়ানোর গল্প শোনাত। অত উঁচু থেকে মানুষের জীবন দেখে তার কী মনে হয়। বলত, আমরা নাকি এক আগুনের শিখার সমুদ্র।

"দুনিয়াটা মানুষে মানুষে স্তূপাকার," সে জানাত, "যেন ছোট ছোট আগুনের শিখার সমুদ্র।"

প্রতিটি মানুষেরই আছে তার নিজস্ব আলো। কোনো দুটি আলোর শিখাই এক রকমের নয়। বড় শিখা, ছোট শিখা, রংবেরঙের শিখা। কারও কারও শিখা এতটাই স্থির যে জোর বাতাসেও কেঁপে ওঠে না, কারওটা আবার পাগলাটে, এলোমেলো ফুলকি উড়িয়েই চলেছে হাওয়ায়। কয়েকটা বোকা বোকা শিখা জ্বলেও না, আলোও দেয় না। কয়েকটা আবার এমন গনগনিয়ে জ্বলে যে স্থির চোখে তাকিয়ে থাকা যায় না। তাদের কাছে গেলে দেখবে, তুমি নিজেই কেমন তাদের আগুনে ঝলমল করে উঠেছ।

boobook

দুনিয়া বানাল কে?

স্পেনের যুদ্ধ তখন কয়েক বছর হল শেষ হয়েছে।[১] ক্রস আর তলোয়ার, দুয়ে মিলে প্রজাতন্ত্রের ধ্বংসাবশেষের উপর তাদের আধিপত্য কায়েম করেছে। এদিকে হেরোদের একজন, এক অ্যানার্কিস্ট শ্রমিক সদ্য জেল থেকে বেরিয়ে কাজ খুঁজছেন। আকাশপাতাল এক করে খুঁজছেন। কিন্তু লালদের জন্য কোনো কাজ নেই। লোকে বাঁকা চোখে তাকায়, আর রাস্তা দেখায়। কেউ তাঁকে কাজ দেয় না, কেউ তাঁর কথা শোনে না। একমাত্র সঙ্গী মদ। রোজ রাতে শূন্য থালাবাসনের সামনে চুপ করে দাঁড়িয়ে তিনি তাঁর ধর্মপ্রাণা স্ত্রীর কাছে গালি খান। ভদ্রমহিলা রোজ নিয়ম করে চার্চে যান প্রার্থনা করতে। আর ছোট ছেলেটা বাবার সামনে খ্রিস্টধর্মের ক্যাটেকিজম আওড়ায়।

অনেকদিন পরে সেই অভিশপ্ত শ্রমিকের ছেলে হোসেপ ভের্দুরা আমায় গল্পটা শোনায়। বার্সেলোনায়। আমি তখন বার্সেলোনায় নির্বাসিত। হোসেপ বলে, ও কেমন মরিয়া হয়ে ওর বাবাকে অনন্ত নরকবাসের হাত থেকে বাঁচাতে চেষ্টা করে যেত। ওদিকে সেই নাস্তিক গোঁয়ার লোকটি কিছুতেই ওর কথা মানতেন না।

হোসেপ ফোঁপাতে ফোঁপাতে বলত, *“কিন্তু বাবা, যদি ঈশ্বর না থাকেন তবে এই দুনিয়া বানাল কে?”*

“ওরে বোকা,” শ্রমিকটি বলতেন গলা নামিয়ে, যেন গোপন কিছু বলছেন, *“দুনিয়া বানিয়েছি আমরা। শ্রমিকরা। ইটের উপর ইট চড়িয়ে।”*

boobook

গল্পক্রম



০১	১৫-১৫ দুনিয়া	১২	২৬-২৬ শিল্পের সংজ্ঞা
০২	১৬-১৬ দুনিয়া বানাল কে?	১৩	২৭-২৭ শিল্পের ভাষা
০৩	১৭-১৭ শিল্পের কাজ / ১	১৪	২৮-২৯ শিল্পের সীমাবদ্ধতা
০৪	১৮-১৮ আঙুর ও মদ	১৫	৩০-৩০ শিল্পের কাজ / ২
০৫	১৯-১৯ ভাষার আবেগ / ১	১৬	৩৩-৩৩ ভবিষ্যদ্বাণী / ১
০৬	২০-২০ ভাষার আবেগ / ২	১৭	৩৪-৩৪ কণ্ঠস্বরের উদ্‌যাপন / ৩
০৭	২১-২১ শব্দনিবাস	১৮	৩৫-৩৫ সান্তিয়াগো শহরের কাহিনি
০৮	২২-২২ পাঠকের কাজ / ১	১৯	৩৮-৩৮ নেরুদা / ১
০৯	২৩-২৩ পাঠকের কাজ / ২	২০	৩৯-৩৯ নেরুদা / ২
১০	২৪-২৪ কণ্ঠস্বরের উদ্‌যাপন / ১	২১	৪০-৪০ ভবিষ্যদ্বাণী / ২
১১	২৫-২৫ কণ্ঠস্বরের উদ্‌যাপন / ২	২২	৪১-৪১ কল্পনার উদ্‌যাপন

boobook

২৩ ৪২-৪২
শিশুদের জন্য শিল্প

২৪ ৪৩-৪৩
শিশুদের নিজস্ব শিল্প

২৫ ৪৪-৪৪
হেলেনার স্বপ্ন

২৬ ৪৫-৪৫
স্বপ্নের দেশে যাত্রা

২৭ ৪৬-৪৬
স্বপ্নের দেশ

২৮ ৪৭-৪৭
ভুলে যাওয়া স্বপ্ন

২৯ ৪৮-৪৮
যে-স্বপ্নরা বিদায় জানাল

৩০ ৪৯-৫০
বাস্তবতার উদ্‌যাপন

৩১ ৫১-৫১
শিল্প ও বাস্তব / ১

৩২ ৫২-৫২
শিল্প ও বাস্তব / ২

৩৩ ৫৩-৫৩
বাস্তব এক পাগলা জগাই

৩৪ ৫৪-৫৫
হাভানা শহরের কাহিনি

৩৫ ৫৬-৫৭
লাতিন আমেরিকায় কূটনীতি

৩৬ ৫৮-৫৮
কিতো শহরের কাহিনি

৩৭ ৬১-৬১
লাতিন আমেরিকা রাষ্ট্র

৩৮ ৬২-৬২
আমলাতন্ত্র / ১

৩৯ ৬৩-৬৩
আমলাতন্ত্র / ২

৪০ ৬৪-৬৪
আমলাতন্ত্র / ৩

৪১ ৬৬-৬৭
ঘটনা / ১

৪২ ৬৮-৬৯
ঘটনা / ২

৪৩ ৭০-৭০
ঘটনা / ৩

৪৪ ৭২-৭২
ক্রিসমাসের রাত

৪৫ ৭৩-৭৩
কেউ-না

৪৬ ৭৪-৭৪
খিদে / ১

৪৭ ৭৬-৭৭
কারাকাস শহরের কাহিনি

৪৮ ৭৯-৭৯
বিজ্ঞাপন

৪৯ ৮০-৮০
রিও শহরের কাহিনি

৫০ ৮১-৮১
সেই ছোট ছোট সংখ্যা ও লোকগুলি

৫১ ৮৩-৮৩
খিদে / ২

৫২ ৮৪-৮৪
নিউ ইয়র্ক শহরের কহিনি

boobook

৫৩ ৮৫-৮৫ দেয়ালও কথা বলে / ১

৫৪ ৮৬-৮৬ ভালোবাসা

৫৫ ৮৮-৮৮ ধর্মতত্ত্ব / ১

৫৬ ৮৯-৮৯ ধর্মতত্ত্ব / ২

৫৭ ৯০-৯১ ধর্মতত্ত্ব / ৩

৫৮ ৯২-৯২ সেই রাত / ১

৫৯ ৯৩-৯৩ রোগ নির্ধারণ ও চিকিৎসা

৬০ ৯৪-৯৪ সেই রাত / ২

৬১ ৯৫-৯৫ ডাক

৬২ ৯৬-৯৬ সেই রাত / ৩

৬৩ ৯৭-৯৭ ছোট্ট মৃত্যু

৬৪ ৯৮-৯৮ সেই রাত / ৪

৬৫ ৯৯-৯৯ খাদক যখন খাদ্য

৬৬ ১০১-১০১ দেয়ালও কথা বলে / ২

৬৭ ১০২-১০২ পেশাদারি জীবন / ১

৬৮ ১০৩-১০৪ বোগোতা শহরের গল্প

৬৯ ১০৫-১০৫ বাগ্মিতার প্রশংসা

৭০ ১০৬-১০৭ পেশাদারি জীবন / ২

৭১ ১০৮-১০৮ পেশাদারি জীবন / ৩

৭২ ১০৯-১০৯ মাপামুন্দি / ১

৭৩ ১১০-১১০ মাপামুন্দি / ২

৭৪ ১১১-১১১ বিস্মরণ / ১

৭৫ ১১২-১১২ বিস্মরণ / ২

৭৬ ১১৩-১১৩ ভয়

৭৭ ১১৪-১১৫ বিস্মৃতির নদ

৭৮ ১১৬-১১৬ বিস্মরণ / ৩

৭৯ ১১৭-১১৮ বিস্মরণ / ৪

৮০ ১২০-১২০ বিষয়ী সত্তার উদ্‌যাপন

৮১ ১২১-১২১ হৃদয় ও মনের বিবাহের উদ্‌যাপন

৮২ ১২৩-১২৩ বিচ্ছেদ

boobook

১২৪-১২৪ ৮৩
পরস্পরবিরোধিতার উদ্‌যাপন / ১

১২৫-১২৫ ৮৪
পরস্পরবিরোধিতার উদ্‌যাপন / ২

১২৬-১২৬ ৮৫
মেহিকো শহরের কাহিনি

১২৭-১২৭ ৮৬
প্রতীকের দ্বন্দ্ব

১২৮-১২৯ ৮৭
ধাঁধা

১৩১-১৩১ ৮৮
নিয়মতন্ত্র / ১

১৩২-১৩২ ৮৯
সাধারণ জ্ঞানের প্রশংসা

১৩৩-১৩৩ ৯০
ইন্ডিয়ানরা / ১

১৩৪-১৩৪ ৯১
ইন্ডিয়ানরা / ২

১৩৫-১৩৫ ৯২
ভবিষ্যতের ঐতিহ্য

১৩৬-১৩৭ ৯৩
আরশোলাদের রাজ্য

১৩৮-১৩৯ ৯৪
ইন্ডিয়ানরা / ৩

১৪০-১৪০ ৯৫
ইন্ডিয়ানরা / ৪

১৪২-১৪২ ৯৬
আতঙ্কের সংস্কৃতি / ১

১৪৩-১৪৩ ৯৭
আতঙ্কের সংস্কৃতি / ২

১৪৪-১৪৪ ৯৮
আতঙ্কের সংস্কৃতি / ৩

১৪৫-১৪৫ ৯৯
আতঙ্কের সংস্কৃতি / ৪

১৪৬-১৪৬ ১০০
আতঙ্কের সংস্কৃতি / ৫

১৪৮-১৪৯ ১০১
আতঙ্কের সংস্কৃতি / ৬

১৫০-১৫০ ১০২
টিভি / ১

১৫১-১৫১ ১০৩
টিভি / ২

১৫২-১৫২ ১০৪
দেখনদারির সংস্কৃতি

১৫৪-১৫৪ ১০৫
টিভি / ৩

১৫৫-১৫৫ ১০৬
শিল্পের মর্যাদা

১৫৬-১৫৬ ১০৭
টিভি / ৪

১৫৭-১৫৭ ১০৮
টিভি / ৫

১৫৮-১৫৮ ১০৯
অবিশ্বাসের উদ্‌যাপন

১৫৯-১৫৯ ১১০
আতঙ্কের সংস্কৃতি / ৭

১৬০-১৬০ ১১১
বিচ্ছিন্নতা / ১

১৬১-১৬১ ১১২
বিচ্ছিন্নতা / ২

boobook

১১৩ ১৬২-১৬৩
বিচ্ছিন্নতা / ৩

১১৪ ১৬৫-১৬৫
দেয়ালও কথা বলে / ৩

১১৫ ১৬৬-১৬৬
নাম / ১

১১৬ ১৬৭-১৬৭
নাম / ২

১১৭ ১৬৮-১৬৯
নাম / ৩

১১৮ ১৭০-১৭০
ভবিষ্যতে ফিরে যাওয়া

১১৯ ১৭১-১৭১
বিহ্বল দিনগুলি

১২০ ১৭২-১৭২
যখন ভাগ্যের ভাঁড়ার খালি

১২১ ১৭৩-১৭৩
ওনেতি

১২২ ১৭৪-১৭৪
আর্গোয়েদাস

১২৩ ১৭৫-১৭৫
নিঃশব্দতার উদ্‌যাপন / ১

১২৪ ১৭৬-১৭৬
নিঃশব্দতার উদ্‌যাপন / ২

১২৫ ১৭৭-১৭৭
কণ্ঠস্বরের উদ্‌যাপন / ৪

১২৬ ১৭৮-১৭৮
নিয়মতন্ত্র / ২

১২৭ ১৭৯-১৭৯
শব্দ ও কর্মের মিলন উদ্‌যাপন

১২৮ ১৮০-১৮০
নিয়মতন্ত্র / ৩

১২৯ ১৮১-১৮১
ব্যক্তিগত উদ্যোগের প্রশংসা

১৩০ ১৮৩-১৮৩
নিখুঁত অপরাধ

১৩১ ১৮৪-১৮৫
নির্বাসন

১৩২ ১৮৬-১৮৬
ভোগবাদী সভ্যতা

১৩৩ ১৮৮-১৮৯
বুয়েনোস আইরেস শহরের কাহিনি

১৩৪ ১৯০-১৯১
ঘরে ফেরা / ১

১৩৫ ১৯৩-১৯৩
ঘরে ফেরা / ২

১৩৬ ১৯৪-১৯৪
সময়

১৩৭ ১৯৫-১৯৫
পুনরুজ্জীবন / ১

১৩৮ ১৯৬-১৯৬
বাড়ি

১৩৯ ১৯৭-১৯৭
ক্ষতি

১৪০ ১৯৮-১৯৮
ঝাড়ন মন্ত্র

১৪১ ১৯৯-১৯৯
বিদায়বার্তা

১৪২ ২০০-২০০
নির্বাসন শেষের স্বপ্ন / ১

boobook

২০১-২০১ ১৪৩ নির্বাসন শেষের স্বপ্ন / ২

২০২-২০২ ১৪৪ নির্বাসন শেষের স্বপ্ন / ৩

২০৪-২০৪ ১৪৫ ভ্রমণ / ১

২০৫-২০৫ ১৪৬ ভ্রমণ / ২

২০৬-২০৭ ১৪৭ কল্ডওয়েলের শেষ বিয়ার

২০৮-২০৮ ১৪৮ ভ্রমণ / ৩

২০৯-২০৯ ১৪৯ দেয়ালও কথা বলে / ৪

২১০-২১০ ১৫০ উপরতলার হিংসে

২১১-২১২ ১৫১ খবর

২১৩-২১৩ ১৫২ মৃত্যু

২১৬-২১৬ ১৫৩ কান্না

২১৭-২১৭ ১৫৪ অট্টহাসির উদ্‌যাপন

২১৮-২১৮ ১৫৫ দেয়ালও কথা বলে / ৫

২২০-২২১ ১৫৬ হাসি বিক্রেতা

২২২-২২২ ১৫৭ আমার নষ্ট চুলো মাথা

২২৩-২২৩ ১৫৮ একের পর এক জন্মের উদ্‌যাপন

২২৪-২২৪ ১৫৯ প্রসব

২২৫-২২৫ ১৬০ পুনরুজ্জীবন / ২

২২৬-২২৬ ১৬১ পুনরুজ্জীবন / ৩

২২৭-২২৭ ১৬২ তিন ভাইবোন

২২৮-২২৮ ১৬৩ দুটি মাথা

২২৯-২২৯ ১৬৪ পুনরুজ্জীবন / ৪

২৩০-২৩০ ১৬৫ দড়াবাজিকর

২৩২-২৩২ ১৬৬ ফুল

২৩৩-২৩৩ ১৬৭ পিঁপড়েরা

২৩৪-২৩৪ ১৬৮ ঠাকুমা

২৩৫-২৩৬ ১৬৯ ঠাকুরদা

২৩৭-২৩৮ ১৭০ দ্রুতগামী ফুগা

২৩৯-২৩৯ ১৭১ বন্ধুত্বের উদ্‌যাপন / ১

২৪১-২৪২ ১৭২ বন্ধুত্বের উদ্‌যাপন / ২

boobook

২৪৩-২৪৩ ১৭৩
হেলমান

২৪৪-২৪৪ ১৭৪
শিল্প ও সময়

২৪৫-২৪৫ ১৭৫
বিশ্বাসের পেশা

২৪৭-২৪৭ ১৭৬
কোর্তাজার

২৪৮-২৪৯ ১৭৭
মন্তেভিদো শহরের কাহিনি

২৫১-২৫১ ১৭৮
কাঁটাতারের বেড়া

২৫৩-২৫৩ ১৭৯
স্বর্গ ও নরক

২৫৪-২৫৫ ১৮০
মানাগুয়া শহরের কাহিনি

২৫৬-২৫৬ ১৮১
চ্যালেঞ্জ

২৫৭-২৫৭ ১৮২
সাহসের উদ্‌যাপন / ১

১৮৩ ২৫৮-২৫৯
সাহসের উদ্‌যাপন / ২

১৮৪ ২৬০-২৬০
সাহসের উদ্‌যাপন / ৩

১৮৫ ২৬২-২৬২
সাহসের উদ্‌যাপন / ৪

১৮৬ ২৬৪-২৬৫
গোপন পেশি

১৮৭ ২৬৬-২৬৭
আরেকটা গোপন পেশি

১৮৮ ২৬৮-২৬৮
উৎসব

১৮৯ ২৬৯-২৬৯
আঙুলের ছাপ

১৯০ ২৭১-২৭১
হাওয়া ও বাতাস

১৯১ ২৭২-২৭২
ঝাপট

boobook